

সাত দেশের সঙ্গে ফ্লাইট স্থগিত করল আমিরাত

- A Monitor Desk Report

Date: 28 November, 2021



সংযুক্ত আরব আমিরাত করোনার নতুন ভ্যারিয়েন্টের সংক্রমণ রোধে সাত দেশের সঙ্গে ফ্লাইট স্থগিত ঘোষণা করেছে।

আগামী ২৯ নভেম্বর (সোমবার) থেকে এ স্থগিতাদেশ কার্যকর হবে বলা হয়েছে।

যে সাত দেশের সঙ্গে ফ্লাইট স্থগিত করা হয়েছে সেগুলো হলো দক্ষিণ আফ্রিকা, নামিবিয়া, বতসোয়ানা, জিম্বাবুয়ে, মোজাম্বিক, লিসোথো ও এসওয়াতিনি।

জেনারেল সিভিল অ্যাভিয়েশন অথরিটি, সুপ্রিম কাউন্সিল ফর ন্যাশনাল সিকিউরিটি এবং ন্যাশনাল ইমার্জেন্সি ক্রাইসিস অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি জানিয়েছে, পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত ফ্লাইট স্থগিতাদেশ বহাল থাকবে।

উল্লেখ্য, গত সপ্তাহে দক্ষিণ আফ্রিকায় শনাক্ত হয় B.1.1.529 নামে করোনার নতুন ভ্যারিয়েন্ট। করোনার নতুন ধরন শনাক্ত হওয়ার পর ভ্রমণ নিষেধাজ্ঞার পাশাপাশি কোয়ারেন্টিনের বিধিনিষেধ আরোপ করছে বিভিন্ন দেশ। ইতিমধ্যে যুক্তরাজ্য, সিঙ্গাপুর ও জাপান কোয়ারেন্টিন জোরদারের সঙ্গে দক্ষিণ আফ্রিকা ও আশপাশের দেশগুলো থেকে ফ্লাইট নিষিদ্ধ করেছে।